আল-ফিরদাউস সংবাদ সমগ্র

অক্টোবর, ২০২২ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

অক্টোবর, ২০২২ঈসায়ী

****

AL-FIRDAWS NEWS
আল-ফিরদাউস নিউজ

সূচিপত্র:

৩১শে অক্টোবর, ২০২২

২ দিনে মালির ৩টি শহর ও ৫টি এলাকার নিয়ন্ত্রণ নিয়েছে আল-কায়েদা

সম্প্রতি পশ্চিম আফ্রিকার দেশ মালির মোপ্তি ও মেনাকা রাজ্যে হামলার তীব্রতা বাড়িয়েছে আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। আল-কায়েদার এসব হামলার প্রধান শিকার বেসামরিক লোকদের গণহত্যাকারী আইএস সন্ত্রাসী ও গাদ্দার মালিয়ান সেনাবাহিনী। এতে শত শত আইএস সন্ত্রাসী ও মালিয়ান সেনা নিহত এবং আহত হচ্ছে।

বিবরণ অনুযায়ী, গত ২৯ অক্টোবর থেকে দুটি রাজ্যে সন্ত্রাস নির্মূল অভিযান শুরু করেছে আল-কায়েদা সংশ্লিষ্ট জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (জেএনআইএম)। এই অভিযান শুরুর পর গত ৩০ অক্টোবর মোপ্তি রাজ্যের টেনিনকো শহর গোলিডজী জেলা পর্যন্ত হামলা প্রশারিত করে। যা ঐদিন সকাল ১০ টায় শুরু হয়ে সন্ধ্যা পর্যন্ত চলতে থাকে। এসময়ের মধ্যে মুজাহিদগণ টেনিনকো শহর থেকে গোলিডজী শহর পর্যন্ত ৪০ কিলিমিটার বিস্তীর্ণ ভূমির নিয়ন্ত্রণ নেন। সেই সাথে গোলিডজী শহরের একটি এলাকা ছাড়া এর ৯৫ শতাংশ ভূমির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছেন মুজাহিদগণ।

বর্তমানে মুজাহিদগণ টেনিনকো শহর বিজয়ের লক্ষ্যে ভারী হামলা চালাচ্ছেন। বিপরীতে গাদ্দার মালিয়ান সেনাবাহিনী শহরের নিয়ন্ত্রণ ধরে রাখতে ব্যাপক বিমান হামলা চালাতে শুরু করেছে। তা সত্বেও শহরটি বিজয়ের লক্ষ্যে হামলা জারি রেখেছেন মুজাহিদগণ। (আল্লাহ্ তাআলা মুজাহিদদের বিজয় দান করুন। আমীন।)

অপরদিকে গত ২৯ অক্টোবর থেকে মেনাকা রাজ্যে নিরপরাধ লোকদের গণহত্যাকারী সন্ত্রাসী "আইএস" সদস্যদের নির্মূল করতে ভারী অভিযান চালাতে শুরু করেছেন মুজাহিদগণ। আমাদের হাতে ৩১ অক্টোবর দুপুর পর্যন্ত আসা তথ্য অনুযায়ী, আল-কায়েদার বীর মুজাহিদদের এই অভিযানে এখন পর্যন্ত শতাধিক আইএস সন্ত্রাসী নিহত হয়েছে। আহত হয়েছে আরও অসংখ্য সন্ত্রাসী।

রিপোর্ট অনুযায়ী, মুজাহিদগণ দীর্ঘ এই লড়াইয়ে সন্ত্রাসী আইএসদের হটিয়ে ২টি শহর সহ অর্ধডজন এলাকার নিয়ন্ত্রণ নিয়েছেন। এরমধ্যে অন্যতম হচ্ছে তামালেট এবং আন্দেরামবুকান শহর সহ ইঙ্গিনান ও এমএস এলাকা। যা দীর্ঘদিন ধরে আইএসের শক্ত ঘাঁটি হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। এই শহরগুলো চলতি বছরের মার্চ মাসে "আজওয়াদ" বিদ্রোহিদের থেকে দখল নেয় আইএস। এরপর নাইজার থেকে এসে এখানে শত শত আইএস সন্ত্রাসী অবস্থান নেয় এবং শহরগুলোতে গণহত্যা চালাতে শুরু করে। একই সময়ে ঘাও রাজ্যেরও কিছু এলাকার নিয়ন্ত্রণ নেয় সন্ত্রাসী এই দলটি।

গত ১ মার্চ থেকে শহরগুলোতে শক্তি বৃদ্ধি করে আইএস। এরপর থেকে এসব এলাকায় আইএস বিরোধী ও তাদের সমর্থন করতে অস্বীকৃতি জানানো লোকদের গণহত্যা শুরু করে আইএস। রিপোর্ট অনুযায়ী মার্চ থেকে সেপ্টেম্বর পর্যন্ত সন্ত্রাসী এই দলটির এই গণহত্যার শিকার হন ৯২৫ জন বেসামরিক নাগরিক। শুধু এক তামালেট

শহরেই ১৪৫ জন বেসামরিক নাগরিককে হত্যা করে আইএস। আর হাজার হাজার মানুষকে জোরপূর্বক বাস্তুচ্যুত করা হয়।

আইএস সন্ত্রাসীদের কয়েক মাসের এই গণহত্যার পর, বর্তমানে জনগণকে উদ্ধার করতে শহরগুলোর নিয়ন্ত্রণ নিতে শুরু করেছেন 'জেএনআইএম' মুজাহিদিন। এখন পর্যন্ত যেসব শহর ও এলাকাগুলোর নিয়ন্ত্রণ নিয়েছেন মুজাহিদগণ, সেসব এলাকাই বেসামরিক জনগণ রাস্তায় নেমে মুজাহিদদের এই বিজয়ে মহান আল্লাহর শুকরিয়া আদায় করেন এবং তাদেরকে নিজেদের শহরে স্বাগত জানান।

সর্বশেষ তথ্য অনুযায়ী, জেএনআইএমের বীর মুজাহিদগণ ৩১ অক্টোবর সকাল থেকে গাও রাজ্যের বিভিন্ন এলাকাও অভিযান চালাতে শুরু করেছেন। এই রাজ্যেও মুজাহিদদের হামলার মুখে আইএস সন্ত্রাসীরা নিহত এবং দলে দলে এলাকা ছেড়ে পালাতে শুরু করেছে। কিছু তথ্য অনুযায়ী, আল-কায়েদার বীর যোদ্ধারা বর্তমানে কয়েক শত আইএস যোদ্ধাকে "তাজলাত" শহরে অবরোধ করে রেখেছেন। এবং ধাপে ধাপে শহরের ভিতরে ঢুকে সন্ত্রাসীদের হত্যা করছেন।

কাশ্মীরে দখলদার হিন্দুত্ববাদীদের অপরাধনামা || পর্ব-৭ || আশিক হুসাইন মাসুদি হত্যা

১৯৯২ সালের ১৬ই ডিসেম্বর। সকাল সাড়ে ১১টার দিকে হিন্দুত্ববাদী বিএসএফ বাহিনীর চারটি ব্যাটালিয়ন কাশ্মীরের শ্রীনগরের নারওয়ারা এলাকায় অভিযান শুরু করে। অভিযানের উদ্দেশ্য একটাই- স্বাধীনতাকামীদের খুঁজে বের করে তাদের খুন করা। এজন্য তারা এলাকার সমস্ত মুসলিমদের একটি ঈদগাহে জড়ো হবার নির্দেশ দেয়।

দখলদার সৈন্যরা 'ম' (ছদ্দনাম) এবং তাঁর ভাই আশিক হুসাইন মাসুদির (১৯) বাড়িতে এসে তাদের বাইরে বের হতে বলে। আশিক ও তাঁর ভাই বাইরে বের হলে তাদের বাড়িতে তল্লাশি চালায় হিন্দুত্ববাদীরা। 'ম' (আশিকের ভাই) এশিয়া ওয়াচকে বলেন,

"আমি সেই ঈদগাহ মাঠে ছিলাম। প্রথমে বিএসএফের পাঁচটি গাড়ির সামনে এক এক করে লাইন দিয়ে সবাইকে প্যারেড করানো হয়। প্রথম শনাক্তকরণে পাঁচজন মুসলিমকে বাছাই করে তারা। এরপর দ্বিতীয় শনাক্তকরণের সময় আমি আশিককে তাদের গাড়ির সামনে যেতে দেখি। একটি সবুজ গাড়ির সামনে নিয়ে তাঁর পরনের ফেরানটি (কাশ্মীরিদের এক ধরণের কাপড়) মাথার উপর টেনে তাঁকে গাড়িতে তুলে নেয় সেনারা। এরপর রাত ১০টার দিকে আমাদের চলে যাওয়ার অনুমতি দেয় তারা।"

নারওয়ারার আরেক বাসিন্দা 'জ' (ছদ্মনাম) ১৯৯২ সালের ১৭ ডিসেম্বর বিকেল ৩টার দিকে তাঁর বাড়ির জানালা দিয়ে বাইরে তাকিয়ে ছিলেন। তখন তিনি দখলদারদের পাঁচটি গাড়ি তাঁর বাসা থেকে প্রায় ২৫ ফুট দূরে অবস্থিত একটি স'মিলের সামনে এসে দাঁড়াতে দেখেন। এরপর যা ঘটে সে ব্যাপারে তিনি এশিয়া ওয়াচকে বলেন,

"সেনারা সবাই সেই স'মিলে ঢুকেই শ্রমিকদের বের করে দেয়। এরপর প্রায় আট থেকে দশজন সেনা ফেরান দ্বারা আচ্ছাদিত একটি ছেলেকে তার মাথা ধরে টেনে নিয়ে যায় মিলের ভেতর। ছেলেটিকে মিলের ভেতরে নেবার পর আমি করাত মেশিনের আওয়াজ পেলাম। এবং সেই সাথে আওয়াজ পেলাম প্রচণ্ড চিৎকারের। এর কিছুক্ষণ পরই সবকিছু নিরব হয়ে গেল। তখন বাজে প্রায় সাড়ে ৩টা। এরপর বিকেল ৫টার দিকে সেনারা চলে গেলে আমি ঘর থেকে বের হয়ে সেই মিলে যাই। গিয়ে দেখি সেখানে পড়ে আছে আশিকের মৃতদেহ। তার ডান হাত প্রায় ছিন্নভিন্ন হয়ে গেছে, তার ঘাড়ে একটি গভীর ক্ষতের দাগ এবং তার মুখের কোণে রক্ত জমাট হয়ে গেছে।"

এভাবেই বছরের পর বছর ধরে কাশ্মীরি মুসলিমদের খুন করে আসছে দখলদার হিন্দুত্ববাদীরা। কাশ্মীরে যখন যাকে খুশি তাকেই খুন কিংবা ধর্ষণ করে এরা। কারণ এরা জানে যে, কাশ্মীরি মুসলিমদের খুন কিংবা ধর্ষণ করলে তাদের কারও কাছে কোন জবাবদিহি করতে হবে না। উল্টো রাষ্ট্রীয়ভাবে তাদের দেওয়া হবে সম্মাননা ও পদমর্যাদা। দেশরত্ন খেতাবে ভূষিত করে তাদের "বীরত্ব" প্রচার করা হবে হিন্দুত্ববাদী মিডিয়ায়।

অনুবাদক ও সংকলক : আবু-উবায়দা

তথ্যসূত্র:

হিউম্যান রাইটস ক্রাইসিস ইন কাশ্মীর *(The Human Rights Crisis in Kashmir)* [*Pg: 50-51*]; *প্রথম প্রকাশিতঃ জুন ১৯৯৩*

প্রতিবেদনকারীঃ

এশিয়া ওয়াচ (*হিউম্যান রাইটস ওয়াচের একটি বিভাগ*) এবং ফিজিশিয়ান্স ফর হিউম্যান রাইটস (*পিএইচআর*)

বুরকিনান সেনা কনভয়ে আল-কায়েদার হামলা: অন্তত ২৩ শত্রুসেনা হতাহত, বন্দী ১১

সম্প্রতি বুরকিনা ফাসোর দক্ষিণাঞ্চলিয় গৌরমা রাজ্যে একটি সামরিক কনভয়ে আতর্কিত হামলা চালিয়েছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। এতে দেশটির অন্তত ১৫ সৈন্য নিহত হওয়ার কথা সরকারের তরফ থেকেই জানানো হয়েছে। সেই সাথে অসংখ্য সামরিক যান ও অস্ত্র গনিমত পেয়েছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা।

স্থানীয় সূত্রে জানা গেছে, গত ২৯ অক্টোবর দেশটির দক্ষিণাঞ্চলীয় গৌরমা রাজ্যের নাটিয়াবনি শহরে এই হামলাটি চালানো হয়েছে। আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম' এর একদল বীর মুজাহিদ গাদ্দার সেনাবাহিনীর একটি সরবরাহ কনভয় টার্গেট করে অতর্কিত হামলাটি চালিয়েছেন। ফলে সেখানে উভয় বাহিনীর মাঝে তীব্র গুলাগুলির ঘটনা ঘটে।

কিন্তু আল-কায়েদা পূর্ব প্রস্তুতি নিয়ে এই হামলা চালানোয় তাদের যোদ্ধাদের কোন ক্ষয়ক্ষতি হয়নি, আলহামদুলিল্লাহ্। বিপরীতে বুরকিনান সেনাবাহিনীর কয়েক ডজন সৈন্য নিহত এবং আরও কয়েক ডজন সৈন্য আহত হয়েছে। সেই সাথে মুজাহিদগণ প্রচুর সংখ্যক সামরিক যান, অসংখ্য অস্ত্র, গোলাবারুদ ও সামরিক সরঞ্জামে পরিপূর্ণ গাড়ি এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণ কয়েকটি ট্রাক যুদ্ধলব্ধ মাল হিসেবে নিয়ে গেছেন। তাছাড়া অভিযান শেষে গাদ্দার সেনাবাহিনী উক্ত এলাকা থেকে পিছু হটতে বাধ্য হয়েছে।

একইধরনের হামলার ঘটনা ঘটেছিল গতমাসের শেষাংশে। যেখানে আল-কায়েদা যোদ্ধারা গাদ্দার সামরিক কনভয়ের ৯০টি সাঁজোয়া যান ধ্বংস করে দেন এবং কয়েক ডজন সাঁজোয়া যান সহ অসংখ্য অস্ত্র গনিমত হিসাবে নিয়ে যান।

যাইহোক, সাম্প্রতিক হামলার বিষয়ে বুরকিনান সশস্ত্র বাহিনীর জেনারেল স্টাফ তাদের ক্ষয়ক্ষতির আসল চিত্র গোপন করতে একটি ধোঁকাপূর্ণ বিবৃতি জারি করেছে। তার ভাষ্যমতে, দক্ষিণাঞ্চলীয় গৌরমা রাজ্যের ফাদা এলাকায় তাদের একটি সরবরাহ কনভয়ে হামলা চালিয়েছেন একদল জিহাদি। বিবৃতিতে সে বলেছে, "দুর্ভাগ্যক্রমে এই লড়াইয়ের ফলে ১৩ সৈন্য এবং ২ ভিডিপি সদস্যসহ ১৫ যোদ্ধা নিহত হয়েছে। সেখানে আরও ৪ জন (৩ সৈন্য এবং ১ ভিডিপি সদস্য) আহত হয়েছে। এছাড়াও আরও ১১ সৈন্যকে অপহরণ করা হয়েছে।"

এটি উল্লেখযোগ্য যে, সম্প্রতি বুরকিনা ফাসোতে আল-কায়েদা কর্তৃক হামলার ঘটনা দ্রুতগতিতে বৃদ্ধি পেয়েছে। আর আল-কায়েদার এসব হামলার ফলে দেশে শত্রুদের কথিত নিরাপত্তা-ব্যবস্থার অবনতির ঘটনাগুলি অনেকক্ষেত্রে সামরিক অভ্যুত্থান ঘটাচ্ছে।

বিশ্লেষকরা মন্তব্য করেন, আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন দেশের শাসনভারের দায়িত্বে না থাকলেও, এটি সরকারকে প্রভাবিত করার মতো যথেষ্ট শক্তিশালী। তাছাড়া প্রতিরোধ বাহিনীটি ইতিমধ্যে দেশের ৪০ শতাংশেরও বেশি এলাকায় নিজেদের নিয়ন্ত্রিত প্রতিষ্ঠা করেছে, আলহামদুলিল্লাহ্।

---

১৮ বছর গুয়ান্তানামোতে বন্দী থাকার পর প্রমাণ হলো তিনি নির্দোষ!

দীর্ঘ ১৮ বছর পর যুক্তরাষ্ট্রের কুখ্যাত গুয়ানতানামো বে কারাগার থেকে মুক্তি পেয়েছেন সেখানকার সবচেয়ে বয়স্ক বন্দী সাইফুল্লাহ পারাচা। মানবাধিকারের ঠিকাদার আমেরিকা তার বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণ করতে না পেরে অবশেষে তাকে মুক্তি দিতে বাধ্য হয়।

জানা যায়, নাইন-ইলেভেন হামলায় জড়িত সন্দেহে এই পাকিস্তানি মার্কিন ব্যবসায়ীকে ২০০৩ সালে থাইল্যান্ড থেকে গ্রেপ্তার করে এফবিআই। এরপর গত ২৯ অক্টোবর কিউবায় অবস্থিত বিশ্বের অন্যতম নিকৃষ্ট এই কারাগার থেকে পাকিস্তান ফিরেছেন ৭৫ বছর বয়সী এই মুসলিম। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয় সাইফ উল্লাহর মুক্তির বিষয়টি নিশ্চিত করেছে।

বর্তমানে তাকে পরিবারের কাছে ফিরিয়ে দেয়া হয়েছে। তবে আশংকার বিষয় হচ্ছে, এই কারাগার থেকে মুক্তি পাওয়া বেশিরভাগ মুসলিম চরম মাত্রার নির্যাতনের কারণে মানসিক ভারসাম্যহীন হয়ে পড়েছেন।

সন্ত্রাসী আমেরিকার বর্বর সেনারা মাজলুম বন্দীদের ওপর এমন পাশবিক নির্যাতন চালালেও তাদের বিরুদ্ধে দালাল জাতিসংঘ কিছুই করে না। যদিও তারা মুখে মানবাধিকারের সবক দেয়, তারাই বিশ্বে মানবাধিকার লঙ্ঘনে সবার শীর্ষে রয়েছে।

তথ্যসূত্র:

------

১. Guantanamo Bay's oldest prisoner has been released to his home country, Pakistan, after almost two decades - https://tinyurl.com/56nbuzaf

---

সিরিয়ায় হিজাব নিষিদ্ধ করলো আমেরিকার দালাল এসডিএফ; মুসলিমদের বিক্ষোভ

সন্ত্রাসী আমেরিকা সমর্থিত সিরিয়ান ডেমোক্র্যাটিক ফোর্স (এসডিএফ) তাদের নিয়ন্ত্রিত অঞ্চলগুলোতে মুসলিম ছাত্রীদের নিকাব পরিধানে নিষেধাজ্ঞা জারি করেছে। এতে সিরিয়ার উত্তর-পূর্বাঞ্চলের মুসলিমগণ বড় ধরনের বিক্ষোভ করেছেন, খবর মিডল ইস্ট মনিটরের।

জানা যায়, মূলত স্কুল চলাকালীন সময়ে নিকাব নিষিদ্ধ করেছে এসডিএফ। আল্লাহ তা'আলার বিধান বিরোধী এমন সিদ্ধান্তে ২৫ অক্টোবর রাস্তায় নেমে আসেন এসডিএফ নিয়ন্ত্রিত প্রায় সকল এলাকার মুসলিমগণ। শেষ খবর পাওয়া পর্যন্ত, স্কুলে নিকাব নিষেধাজ্ঞা এখনো উঠিয়ে নেয়নি এসডিএফ।

নিকাব নিষেধাজ্ঞা উঠিয়ে নেয়ার পাশাপাশি বিক্ষোভকারী মুসলিমগণ আরও কিছু দাবি জানিয়েছেন। অবৈধভাবে গ্রেপ্তারকৃতদের ছেড়ে দেয়া, শিক্ষক ও শ্রমিকদের বেতন বৃদ্ধি, এবং বিদ্যুৎ সেবা নিশ্চিতকরণের দাবিও জানিয়েছেন তারা।

এ থেকে প্রতীয়মান হয় যে, জনগণ এসডিএফ এর উপর সন্তুষ্ট নয়। তাদের জুলুম, অব্যবস্থাপনা এবং আল্লাহ বিরোধী কর্মকাণ্ড মুসলিমদেরকে রাস্তায় নামতে বাধ্য করেছে।

আমেরিকা সমর্থিত এসডিএফ হচ্ছে সেক্যুলারিজমের পৃষ্ঠপোষক। জালেম আসাদ সরকারের বিরুদ্ধে যুদ্ধ করলেও তারা আসলে মানব রচিত বিধানই কায়েম করতে চায়। এরা মূলত আমেরিকার ক্রীড়নক। এরা সবসময় বাকস্বাধীনতা ও নারী স্বাধীনতার কথা বলে, কিন্তু মুসলিমদের বিধান ও পোশাক আশাকে হস্তক্ষেপ করে।

এখানে লক্ষ্যণীয়, একজন মুসলিম মহিলা নিজের পছন্দের কারণে নিকাব বা হিজাব পরিধান করেন না। বরং আল্লাহ তা'আলার বিধানকে অবশ্য পালনীয় মনে করেন বিধায় তারা নিকাব বা হিজাব পরিধান করেন। আর আমেরিকা ও তার দালালরা মূলত আল্লাহ তা'আলার বিধানকেই বিলুপ্ত করতে চায়।

তথ্যসূত্র:

------

১. Syria: Mass protest against niqab ban imposed by SDF - https://tinyurl.com/2bbzuvn6

৩০শে অক্টোবর, ২০২২

এবার নেপালে মসজিদে হামলা করলো হিন্দুরা, লাগালো গেরুয়া পতাকা

ভারতের উগ্র হিন্দুরা মসজিদে হামলা চালিয়ে গেরুয়া পতাকা লাগিয়ে দেওয়ার অনেক ঘটনা ঘটিয়ে চলেছে।এবার নেপালের মহোত্তারি জেলার একটি মসজিদে হিন্দুদের হামলার খবর প্রকাশিত হয়েছে।

সেখানে হিন্দু সন্ত্রাসীরা ২৬ অক্টোবর মিছিলের সময় মসজিদের সামনে থামে এবং 'ডিজে গান' বাজায়। শুধু তাই নয়, মুসলমানদের বিরুদ্ধে স্লোগান দিতে দিতে মসজিদে হিন্দুত্ববাদের প্রতীক জাফরান পতাকা লাগায় তারা। এ ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঘটনার সময় হিন্দু সন্ত্রাসীরা মুসলিমদের উপর গুলি চালালে অন্তত ৫জন মুসলিম আহত হয়েছেন বলে জানা যায়।

ঘটনার সাথে সম্পর্কিত একটি ভিডিও প্রকাশিত হয়েছে। ভিডিওটিতে দেখা যায়, কীভাবে হিন্দু সংগঠনের সাথে যুক্ত উগ্র লোকেরা একটি মিছিল বের করে মসজিদের সামনে 'ডিজে গান' বাজিয়েছে, এবং মুসলমানদের বিরুদ্ধে স্লোগান দিয়েছে।

তথ্যসূত্র:

1.नेपाल : शोभायात्रा के दौरान हिंदू संगठन से जुड़े लोगों ने किया मस्जिदों पर हमला, लगाया भगवा झंडा

-https://tinyurl.com/235z47fj

2.video link: https://tinyurl.com/49bydknu

আফগানদের মাছ দেওয়ার পরিবর্তে, মাছ ধরতে শেখান: জাবিহুল্লাহ্ মুজাহিদ

গত সপ্তাহে তুরস্কের ইস্তাম্বুলে আয়োজিত একটি উলামা সম্মেলনে আলোচনার জন্য আহ্বান করা হয় ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের মুখপাত্র মুহতারাম জাবিহুল্লাহ্ মুজাহিদকে (হাফিজাহুল্লাহ)। সেখানে তিনি অর্থনৈতিক সুযোগ ও অন্যান্য চ্যালেঞ্জ নিয়ে দীর্ঘ আলোচনা করেন। সম্মেলনে তুরস্কের প্রখ্যাত উলামা, অন্যান্য কর্মকর্তা এবং দেশটির জাতীয় পর্যায়ের ব্যক্তিত্বরা উপস্থিত ছিলেন; যাদের বেশিরভাগই ইমারাতে ইসলামিয়ার প্রতি তাদের সমর্থন প্রকাশ করেন।

জাবিহুল্লাহ্ মুজাহিদ তাঁর বক্তব্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় বিষয়ের উপর জোর দেন। তিনি এই উম্মাহর কর্ণধার আলেমদের আবারও স্মরণ করিয়ে দিয়েছেন যে, ইসলামি বিশ্বের বাজার ও ব্যবস্থাপনার দায়িত্ব তাদের উপরই। আর তাদেরকে এ দায়িত্ব ভালোভাবে পালন করতে হবে। কেননা তাঁরা যদি এর থেকে হাত গুটিয়ে রাখেন, তাহলে ইসলামি বিশ্ব পিছিয়ে যাবে। এসময় তিনি আফগান জিহাদে আলেমদের অবদান, মুসলিমদের বিজয় ও বর্তমান নিরাপদ পরিস্থিতির কথা উল্লেখ করে বলেন, আলেমগণ যদি কঠোরভাবে ইসলামি শরিয়াহ্ অনুসরণ করেন, তাহলে জনগণ পূর্ণ আনুগত্য প্রদর্শন করবে এবং তারা আলেমদের থেকে উপকৃত হয়ে মুসলিম বিশ্বের বিজয়ে পদক্ষেপ গ্রহণ করতে পারবেন।

তবে এক্ষেত্রে অত্যন্ত দৃঢ়তা, ধৈর্যশীলতা ও সহনশীলতার পরিচয় দিতে হবে। আফগান মুজাহিদরাও এই বিজয়ের পথে অনেক কষ্ট সহ্য করেছেন। আর এতে আলেম ও আমাদের জাতির পূর্ণ সহযোগিতা ছিলো। সকলের সম্মিলিত প্রচেষ্টা আমাদেরকে সফলতা এনে দিয়েছে।

সর্বশেষ তিনি আন্তর্জাতিক সম্প্রদায়কে আফগানিস্তানের অবকাঠামোর উন্নয়নে বিনিয়োগের আহ্বান জানান। তিনি বলেন, এখানে আপনারা নির্মাণ প্রকল্পগুলোর পুনর্গঠন, খনি থেকে উত্তোলন, কৃষি এবং অন্যান্য প্রাসঙ্গিক ক্ষেত্রের প্রবৃদ্ধি ও উন্নয়নে বিনিয়োগ করতে পারেন। সেই সাথে আফগানদের সংশ্লিষ্ট ক্ষেত্রে সঠিক প্রশিক্ষণ প্রদান করতে পারেন।
এরপর তিনি স্পষ্টভাবে বলেছেন, আফগানদের জন্য মানবিক সাহায্য কোনো ব্যাথার প্রতিকার নয়। তাই আমি বলছি "আফগানদের মাছ দেওয়ার পরিবর্তে, তাদেরকে মাছ ধরতে শেখানো উচিত।" তবে মানবিক এই সাহায্যগুলোও অনেকটাই লোক দেখানোর মতো। এটি নামধারী কথিত মুসলিম শাসকদের বিভিন্ন পদক্ষেপ থেকে স্পষ্ট। যেমন:

- সম্প্রতি সৌদি আরব ইউক্রেনকে ৪০০ মিলিয়ন ডলার সাহায্যের ঘোষণা দিয়েছে, বিপরীতে এখন পর্যন্ত আফগানিস্তানে মাত্র ১১ মিলিয়ন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে দেশটি।

- সংযুক্ত আরব আমিরাত বর্তমানে খ্রিস্টান ও বিধর্মী দেশগুলোর অন্যতম প্রধান দাতা দেশ। দেশটি এই বছর ইথিওপিয়াকে ১৭১ মিলিয়ন ডলার সহায়তা দিয়েছে। কিন্তু বিপরীতে আফগানিস্তানকে মাত্র ১.৯ মিলিয়ন ডলার দিয়েছে।

- কাতার, আরব আমিরাত এবং তুরস্ক, যারা মিডিয়াতে মুসলিম উম্মাহর প্রধান ঠিকাদার, আফগানিস্তানকে খাদ্য সহায়তা ছাড়া, আর্থিকভাবে সাহায্য করতে কোথাও দেখা যায় না, যদিও কাতার জিডিপি/ক্যাপিটা পরিপ্রেক্ষিতে বিশ্বের সবচেয়ে ধনী দেশ। এই দেশগুলো আবার হিন্দু ও খৃষ্টানদের গীর্জা নির্মাণে এবং বিভিন্ন দেশে মুসলিমদের বিরুদ্ধে পরিচালিত ক্রুসেড যুদ্ধে কাফেরদেরকে শত শত মিলিয়ন সহায়তা দিয়ে থাকে। এগুলো তো মুসলিম বিশ্বের সামান্য চিত্র মাত্র, কুফফার বিশ্ব বা জাতিসংঘের পক্ষ থেকে কী ধরনের সাহায্য আসতে পারে তা এগুলো থেকেই অনুমেয়।

তাছাড়া, যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তান পুনর্গঠনে সাহায্যের মুখাপেক্ষী হওয়ার চেয়ে স্বয়ংসম্পূর্ণ হওয়ার বাসনা থেকেই আফগানিস্তান ইসলামি ইমারতের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ বলেছেন, “আফগানদের মাছ দেওয়ার পরিবর্তে, তাদেরকে মাছ ধরতে শেখানো উচিত।"

সোমালিয়ায় তুর্কি হামলার পালটা জবাব শাবাবের: হতাহত ৪ শতাধিক গাদ্দার

গত ২৯ অক্টোবর জোড়া গাড়ি বোমা বিস্ফোরণের স্বাক্ষী হয়েছে সোমালিয়ার রাজধানী মোগাদিশু। পশ্চিমাদের দূষিত পাঠ্যক্রম জনগণের উপর চাপিয়ে দেওয়া তথাকথিত "শিক্ষা মন্ত্রণালয়" উড়িয়ে দিয়েছেন বৈশ্বিক ইসলামি প্রতিরোধ বাহিনী আল-কায়েদা সংশ্লিষ্ট হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন।

বরকতময় এই দুটি শহিদি হামলার পর একটি বিবৃতি জারি করেছে আশ-শাবাব। এতে বলা হয়, "কিছু ক্রুসেডার দেশ এবং সংস্থার সমর্থনে কাজ করে থাকে এই মন্ত্রণালয়। এরা সোমালি জাতির স্কুল পাঠ্যক্রম থেকে ইসলাম ধর্মের সাথে সম্পর্কিত সমস্ত কিছু বাদ দিয়ে ধর্মনিরপেক্ষতা ও নাস্তিকতার বীজ রোপন করছে। আর গাদ্দার সরকারের মন্ত্রণালয় তা বাস্তবায়ন করার লক্ষ্যে প্রচারণা চালাচ্ছে।"

বিবৃতিতে আরও বলা হয়, “এই মন্ত্রণালয় ছাত্রদেরকে ইসলাম থেকে দূরে সরিয়ে রাখার মিশন নিয়ে কাজ করছে। এছাড়াও তারা দেশের তরুণ মেধাবীদের মধ্য থেকে বড় একটি অংশকে ধর্মত্যাগী (মুরতাদ) সরকারের মিলিশিয়াতে যোগ দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।"

এদিকে পশ্চিমা সমর্থিত সরকার দাবি করেছে, এই হামলায় ১০০ এর বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছে; আহত হয়েছে আরও ৩০০ এরও অধিক।

সরকারের এমন বিবৃতির বিপরীতে আশ-শাবাব জানিয়েছে যে, সরকারের দাবি সম্পূর্ণ ভিত্তিহীন। কেননা এটি সামরিক বাহিনীর দ্বারা কঠোর নিরাপত্তা বেষ্টিত আবাসিক এলাকা। সেখানে বেসামরিক নাগরিকদের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ। তাছাড়া হামলার সময় আবাসিক এলাকাটিতে যাওয়ার রাস্তাগুলিও বন্ধ ছিল। ফলে বেসামরিক লোকদের পক্ষে সেখানে প্রবেশ করা সম্ভব ছিল না।

তাছাড়াও গাদ্দার মোগাদিশু প্রশাসনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার পর থেকেই আশ-শাবাব প্রশাসন বেসামরিক নাগরিকদের সতর্ক করে আসছে, তারা যেন সরকারি ভবন থেকে দূরে থাকে। এর ফলে সরকারি ভবনগুলি জনগণ সম্পূর্ণ এড়িয়ে চলছেন।

এদিকে দেশটির এক সামরিক কর্মকর্তা জানায়, এই হামলায় ঠিক কতজন হতাহত হয়েছে, তা এখনই বলা সম্ভব নয়, কেননা উদ্ধার কাজ এখনো চলছে। তবে দেশটির এক হাসপাতাল সূত্র নিশ্চিত করেছে যে, হামলার পর থেকে ২৪ ঘন্টার মধ্যে ৪০০ এরও বেশি আহত ব্যক্তিকে হাসপাতালে আনা হয়েছে।

স্থানীয় একটি সূত্র মতে, নিহতদের মধ্যে মন্ত্রণায়ের কর্মকর্তারা ছাড়াও দেশটির এক পুলিশ প্রধানের পাশাপাশি অনেক পুলিশ সদস্য ও গোয়েন্দা কর্মকর্তারাও রয়েছে।

উল্লেখ্য, গত সপ্তাহে আশ-শাবাব নিয়ন্ত্রিত মসজিদে-আলী শহরের একটি উচ্চ বিদ্যালয় লক্ষ্য করে গাদ্দার তুরস্ক বোমা হামলা চালিয়েছিল। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২০০০ এর বেশি শিক্ষার্থী বিভিন্ন বিষয়ে পড়াশুনা করতেন। ধারণা করা হচ্ছে, এরই পালটা জবাবে আশ-শাবাব পশ্চিমা সংস্কৃতির প্রচারক শিক্ষা মন্ত্রণালয় উড়িয়ে দিয়েছে।

রসূলের (ﷺ) দেশে পালিত হলো খ্রিষ্টানদের উৎসব হ্যালোইন!

এবার পবিত্র ভূমি সৌদি আরবে অনুষ্ঠিত হলো আল্লাহর রসূলকে (ﷺ) অস্বীকারকারী খ্রিষ্টানদের বর্বর উৎসব 'হ্যালোইন'। ‘মৃত আত্মা ও শয়তানের স্মরণে’ প্রতিবছর অক্টোবরের শেষে ইউরোপ, আমেরিকাসহ বিভিন্ন দেশে হ্যালোইন পালিত হয়।

আরব নিউজের তথ্যসুত্রে জানা যায়, গত ২৮ ও ২৯ অক্টোবর সৌদি আরবের রিয়াদের সবচেয়ে বড় সিনেমা হল বুলেভার্ডে অনুষ্ঠিত হয় এ উৎসব। অনুষ্ঠানে সৌদি যুবক-যুবতীদেরকে আকৃষ্ট করতে নানা পদক্ষেপ নিয়েছে নামধারী মুসলিম সৌদি সরকার। শয়তানের প্রতিকৃতি ধারণ করলে যুবক-যুবতীদের দেয়া হয়েছে ফ্রী টিকেট। এতে নারী-পুরুষ বিভিন্ন মুর্তি ও শয়তানের প্রতিকৃতি ধারণ করে।

এছাড়া অনেক নারীকে পশ্চিমা পোশাক পরিধান করতেও দেখা যায়। নারী-পুরুষের ফ্রী মিক্সিং এবং কুফফারদের রীতিনীতি পালন দেখে বোঝার উপায় নেই এটা সৌদি আরব; বরং ইউরোপের কোন এক খ্রিষ্টান রাজ্য।

সৌদি ক্রাউন প্রিন্স মুহাম্মাদ বিন সালমান তার সমস্ত ক্ষমতা ব্যয় করছে পবিত্র ভুমি সৌদি আরবের ভূমিতে পশ্চিমা সংস্কৃতি প্রতিষ্ঠিত করতে। এরই ধারাবাহিকতায় জনসাধারণকে এসব বিজাতীয় সংস্কৃতির প্রতি আকৃষ্ট করতে বাস্তবায়ন করছে নানামুখি কর্মসূচি। এ লক্ষ্যে হ্যালোইন ছাড়াও নিয়মিত আয়োজন করা হচ্ছে গানের কনসার্ট। দেশটিকে পুরোপুরি পশ্চিমা সংস্কৃতিতে সাজাতে দালাল সৌদি সরকার হাতে নিয়েছে ভিশন-২০৩০।

এর বিপরীতে, যেসকল আলেম ও আল্লাহভীরু ব্যক্তিবর্গ এসবের বিরুদ্ধে আওয়াজ তুলেছেন, তাদের সকলকেই কারাগারে নিক্ষেপ করছে দালাল সৌদি সরকার। ২০১৭ সালে ক্রাউন প্রিন্স হওয়ার পর থেকেই মুহাম্মাদ বিন সালমান শুরু করে গণহারে আলেমদের ধরপাকড়। এভাবেই রসূলের (ﷺ) দেশকে কলুষিত করে যাচ্ছে বিন সালমান।

তথ্যসূত্র:

------

1. Halloween revelers experience glory and gore on Riyadh Boulevard- https://tinyurl.com/3fpnfufk
2. ভিডিও লিংক- https://tinyurl.com/2p93bx78

হিন্দুত্ববাদী আগ্রাসনঃ গুজরাট ও দিল্লীতে মুসলিমদের উপর চলছে বুলডোজার

গুজরাটের কসাই নরেন্দ্র মোদির নেতৃত্বে মুসলিম গণহত্যার দিকে আরও এক ধাপ এগিয়েছে হিন্দুত্ববাদী ভারত। সম্প্রতি গুজরাট ও রাজধানী দিল্লীতে শুরু হয়েছে গণহারে মুসলিমদের ঘর-বাড়ি ধ্বংস করার অভিযান।

চলতি অক্টোবর মাস জুড়ে গুজরাট রাজ্য সরকার সেখানকার উপকূলীয় মুসলিম এলাকায় ধ্বংসযজ্ঞ চালাচ্ছে। গুজরাট মৎস্য বিভাগ ও বিচার বিভাগ অভিযোগের সত্যতা যাচাই না করেই গোসাবারায় সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের বাড়িঘর ধ্বংস করার আদেশ জারি করে।

গুজরাটের উপকূলীয় মুসলিমদের ঐতিহ্যবাহী পেশা মাছ ধরা। এই সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে হিন্দুত্ববাদীরা অভিযোগ তুলেছে যে, তারা দেশবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত।

এ অভিযোগের সত্যতা যাচাই না করেই গত ১ অক্টোবর থেকে পোরবন্দর, বেট দ্বারকা, দেবভূমি দ্বারকায় ওখা উপকূলে অবস্থিত দ্বীপ, জাখাউ প্রভৃতি এলাকায় মুসলিম সম্প্রদায়ের উপর চড়াও হয়েছে। ভেঙ্গে ফেলা হয়েছে হাজার হাজার স্থাপনা। এতে সেখানকার বেশিরভাগ মুসলিম গৃহহীন হয়ে রাস্তায় দিন কাটাচ্ছেন।

ধ্বংস করে দেয়া স্থাপনাগুলোর মধ্যে ঘরবাড়ি ছাড়াও বেশ কিছু ধর্মীয় স্থাপনা রয়েছে যেগুলো সরকারি জমিতে নির্মিত বলে দাবি করে হিন্দুত্ববাদী কর্মকর্তারা।

ঘরবাড়ি ভেঙ্গে দেয়া ছাড়াও, সেখানকার মুসলিমদের আয়রোজগারের পথ বন্ধ করে দিচ্ছে হিন্দুত্ববাদী প্রশাসন। বিগত ৫-৬ বছর ধরে তাদের পেশা থেকে সরিয়ে দেওয়ার লক্ষ্যে হিন্দু সম্প্রদায়ের জেলেদেরকে রাজনৈতিকভাবে সমর্থন করা হচ্ছে। বিশ্ব হিন্দু পরিষদ (ভিএইচপি) এবং বজরং দলের মত উগ্রপন্থী হিন্দু দলগুলো মুসলিমদের বিরুদ্ধে ষড়যন্ত্রের কলকাঠি নাড়ছে বলে অভিযোগ রয়েছে।

এখানকার মুসলিম জেলেদের মাছ ধরার লাইসেন্স থাকা সত্ত্বেও, হিন্দু সংগঠন এবং হিন্দু জেলে সমিতির অভিযোগে দীর্ঘদিন ধরে মুসলিমদের মাছ ধরার অনুমতি দেওয়া হয়নি।

পোরবন্দরের গোসাবারার মুসলিম জেলেদের প্রতিনিধি আল্লারাখা ইসলামাইলভাই থিম্মার বলেছেন, "এমন কোন কারণ নেই যার ভিত্তিতে মুসলিদের মাছ ধরার অনুমতি প্রত্যাখ্যান করা হবে। এটি সম্পূর্ণরূপে হিন্দুপন্থী দলগুলির দ্বারা সমর্থিত ছয় থেকে সাতটি হিন্দু জেলে সমিতির অভিযোগের ভিত্তিতে করা হয়েছে। অভিযোগের কোনো সত্যতা আছে কিনা তাও খতিয়ে দেখেনি কর্তৃপক্ষ। আমরা যখন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করি, তারা আমাদের বলে যে উপর থেকে আদেশ রয়েছে।"

হিন্দু জেলেরা কর্তৃপক্ষের কাছে মুসলিম জেলেদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছিল যে, "গোসাবার জেলেদের নতুন বন্দরে মাছ ধরার অনুমতি দিলে সমস্যা হবে। তারা দেশবিরোধী কাজে লিপ্ত।"

কোন তদন্ত ছাড়াই এই অভিযোগের প্রেক্ষিতে, হোম ব্রাঞ্চ, পোরবন্দর জেলা ম্যাজিস্ট্রেট অফিস এবং বিজেপির পোরবন্দর বিধায়ক, বাবু বোখিরিয়া, পোরবন্দরের সহকারী মৎস্য সুপারিনটেনডেন্ট মুসলিম জেলেদের উপর নিষেধাজ্ঞা জারি করে।

সহকারী মৎস্য সুপার পোরবন্দর চলতি বছরের ২ মার্চ গোসাবার জেলেদের মাছ ধরার অনুমতি অস্বীকার করে। সে স্পষ্ট করে জানিয়েছে, বিধায়ক এবং লীলাভাই পারমার, বিজেপি সম্পাদক, পোরবন্দরের চিঠি এবং অন্যান্য বিভাগ ও কর্তৃপক্ষের দ্বারা প্রাপ্ত বিভিন্ন অভিযোগের পরে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

পরবর্তিতে গোসাবারার সম্প্রদায়ের প্রায় ৬০০ জন লোক গণ আত্মহত্যার অনুমতি চেয়ে গুজরাট হাইকোর্টে আবেদন করলে কর্তৃপক্ষ তাদেরকে পুনরায় মাছ ধরার অনুমতি দেয়।

কিন্তু এখন আবার উপকূলীয় নিরাপত্তার নামে মুসলিমদের দোকান, বাড়ি, দরগা, মসজিদসহ অনেক স্থাপনা ভেঙে দিচ্ছে।

এদিকে হিন্দুত্ববাদের রাজধানী দিল্লীতে বিপুল সংখ্যক পুলিশ বাহিনী নিয়ে গত ২১ অক্টোবর মুসলিম প্রধান এলাকা সাতবারিতে ধ্বংসযজ্ঞ চালিয়েছে দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি (ডিডিএ)। কোনও পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই মুসলিমদের দুই ডজনেরও বেশি বাড়ি ভেঙে দিয়েছে। মুসলমানরা যখন জুমার নামাজ পড়ছিল তখন হিন্দুত্ববাদীরা এ ধ্বংসলীলা চালায়।

পুরুষরা মসজিদে থাকায়, ঘরের মহিলারা বাধ্য হয়ে প্রতিবাদে রাস্তায় নামেন। তাদের উপর চালানো হয় অমানবিক লাঠিচার্জ। এতে একাধিক মহিলা গুরুতর আহত হয়েছেন। তাছাড়া ঘর ভাঙার সময় মুসলিম বাসিন্দাদের গৃহস্থালির মালামাল উদ্ধারের সময়ও দেয়নি উগ্র প্রশাসন।

মাকতুব মিডিয়াকে একজন বাসিন্দা জানিয়েছেন, এক মহিলাকে থানায় নিয়ে কয়েক ঘণ্টা আটকে রেখে হয়রানিও করা হয়েছে।

এর আগে উত্তর প্রদেশের উগ্র মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ তার রাজ্যে বুলডোজার দিয়ে মুসলিমদের বাড়িঘর, স্থাপনা ভেঙ্গে দিয়েছিল। এবার গুজরাট ও দিল্লীতে তারই অনুকরণ করছে হিন্দুত্ববাদী প্রশাসন।

জেনোসাইড ওয়াচ এর মতে, হিন্দুত্ববাদী ভারত মুসলিম গণহত্যার একদম দ্বার প্রান্তে দাঁড়িয়ে আছে। এভাবে গণহারে মুসলিমদের বাড়িঘর ধ্বংস করা সেই গণহত্যার দিকেই ইঙ্গিত করে। এমন প্রেক্ষাপটে ভারতের সকল ধর্মপ্রাণ মুসলিমদের ঐক্যবদ্ধভাবে হিন্দুত্ববাদী প্রশাসনের বিরুদ্ধে সোচ্চার হওয়ার কোন বিকল্প নেই।

লেখক: **উসামা মাহমুদ**

তথ্যসূত্র:

1. More of the Gujarat Model: Thousands of Muslim Homes Demolished Under the Garb of Security -https://tinyurl.com/39w2zx2m
2. "Political persecution;" Gujarat's Muslim fishermen move court seeking death– https://tinyurl.com/3wrwaufh
3. 25 houses demolished in Delhi's Muslim locality, Muslim women allege police brutality -https://tinyurl.com/rs7aw5pd

---

সাত বছরের শিশুকে ধর্ষণ ও খুন করলো হিন্দু যুবক

চট্রগ্রামে মাত্র সাত বছরের এক মুসলিম শিশুকে ধর্ষণ করে হত্যা করেছে লক্ষণ দাশ নামে এক হিন্দু যুবক। ধর্ষণে নিষ্পাপ শিশুটির রক্তক্ষরণ শুরু হলে অপরাধ গোপন করার জন্য তাকে শ্বাসরোধে হত্যা করে এই বর্বর হিন্দু। গত ২৭ অক্টোবর চট্টগ্রাম নগরীর জামালখান এলাকায় এ পাশবিক ঘটনাটি ঘটেছে।

এ ঘটনায় লক্ষণ দাশকে গ্রেপ্তার করেছে পুলিশ। সে স্বীকারোক্তিমূলক জবানবন্দী দিয়েছে। পাশাপাশি সিসিটিভি ফুটেজ ও অন্যান্য আলামতের মাধ্যমেও প্রমাণ হয়েছে যে, লক্ষণ দাশই এই পাশবিক ঘটনা ঘটিয়েছে।

জানা যায়, শিশুটি নগরীর কুসুম কুমারি সিটি কর্পোরেশন স্কুলের প্রথম শ্রেণির ছাত্রী। আর লক্ষণ দাশ একটি মুদি দোকানের কর্মচারী। লক্ষণ দাশ প্রায়ই শিশুটিকে দোকান থেকে চিপস, চকলেট দিত।

ঘটনার দিন বিকালে শিশুটি চিপস কিনতে দোকানে গেলে, লক্ষণ দাশ তাকে ১০০ টাকা দেওয়ার লোভ দেখিয়ে দোকানের গোডাউনে নিয়ে যায়। তারপর এই নিষ্পাপ শিশুটির উপর ঝাঁপিয়ে পরে এই পাষণ্ড হিন্দু।

প্রথমে শিশুটি নিজেকে বাঁচানোর জন্য চিৎকার শুরু করলে, ঐ উগ্র হিন্দু তার নাক মুখ চেপে ধরে ধর্ষণ করে। এতে শিশুটির রক্তক্ষরণ শুরু হয়। এতে তাকে শ্বাসরোধ করে হত্যা করে মানুষরূপী ঐ জানোয়ার।

এরপর শিশুটির নিথর দেহ গোডাউনে থাকা টিসিবির সীলযুক্ত প্লাস্টিকের বস্তায় ভরে দেয়ালের উপর দিয়ে পাশের ড্রেনে ফেলে দেয়। আর শিশুটির পরনে থাকা কাপড়চোপড় ও স্যান্ডেলও ঐ নর্দমায় ফেলে দেয়।

পুলিশের ভাষ্যমতে, এত বড় ভয়ঙ্কর অপরাধের পরও লক্ষণ দাশের মধ্যে বিন্দুমাত্র অনুশোচনা দেখা যায়নি। ধর্ষণ, খুন আর লাশ গুমের মতো ভয়ানক অপরাধ করেও সে পালিয়ে যায়নি।

ইসলাম বিদ্বেষী এই সরকারের উদাসীনতায় সমাজে দিনকে দিন বেড়ে চলেছে ধর্ষণ, নারী নির্যাতন। পাশাপাশি সেক্যুলার মিডিয়াও যুব সমাজ ও শিশু-কিশোরদের মাঝে বুনে দিচ্ছে অশ্লীলতা, বেহায়াপনা ও নগ্নতার বীজ।

একদিকে প্রগতিশীল মিডিয়ার বিষবাষ্প, অন্যদিকে মানব রচিত বিধান অনুযায়ী গঠিত সরকারের উদাসীনতা ও ব্যর্থতা – এ সবই এই মুসলিম সমাজকে ঠেলে দিচ্ছে অন্ধকারে।

তথ্যসূত্র:

১। পাশবিক নির্যাতনে খুন শিশু বর্ষা- https://tinyurl.com/2p8bf9ae

---

২৯শে অক্টোবর, ২০২২

সোমালিয়া | সেক্যুলার তুর্কিয়ের (তুরস্ক) বিমান হামলায় ধ্বংস শহরের একমাত্র শিক্ষাপ্রতিষ্ঠান

পশ্চিমা সমর্থিত গাদ্দার মোগাদিশু প্রশাসন বেশ কিছুদিন ধরেই তার মিত্রদের প্রকাশ্যে আহ্বান করছে, তারা যেনো ইসলামি শরিয়াহ্ নিয়ন্ত্রিত অঞ্চলের নিরপরাধ লোকদেরকে টার্গেট করেও হামলা চালায়। আর সেই আহ্বানেই সাড়া দিয়ে এবার দেশটির "মসজিদ-আলি" শহরের একমাত্র শিক্ষাপ্রতিষ্ঠান লক্ষ্য করে হামলা চালিয়েছে সেক্যুলার তুরস্কের দখলদার বাহিনী।

স্থানীয় সূত্রমতে, মোগাদিশু প্রশাসন ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব প্রশাসনের বিরুদ্ধে নতুন যুদ্ধ ঘোষণা করেছে। যার লক্ষ্য শুধু প্রতোরিধ যোদ্ধারাই নয়, সরকার রীতিমতো ঘোষণা দিয়ে বলছে যে, তাদের এসব হামলার লক্ষবস্তুতে পরিণত হবেন ঐসব নিরপরাধ নারী-পুরুষ, ব্যাবসায়ী সহ বিভিন্ন পেশার মানুষ, যারা ইসলামি শরিয়াহ্ নিয়ন্ত্রিত অঞ্চলে বসবাস করছেন।

আর সেই লক্ষ্য বাস্তবায়নে গাদ্দার সরকার তার অংশীদার দেশগুলোকে অনুরোধ করেছে, তারা যেনো ইসলামি শরিয়াহ্ দ্বারা শাসিত অঞ্চলে বিমান হামলা জোরদার করে। গাদ্দার প্রশাসনের এই অনুরোধের পর ক্রুসেডার আমেরিকা ও সেক্যুলার তুরস্কের (Bayraktar TB2) ড্রোনগুলি ব্যাপক হামলা চালাতে শুরু করেছে। এতে সবচাইতে বেশি হতাহতের শিকার হচ্ছেন বেসামরিক নাগরিকরা। যাদের অধিকাংশ নিরপরাধ নারী ও শিশু।

সম্প্রতি রাজধানী মোগাদিশুর নিকটবর্তী মধ্য শাবেলি রাজ্যের "মসজিদে-আলি" শহরের একটি কমিউনিটি-নির্মিত স্কুলে বোমা হামলার ঘটনা ঘটেছে। এতে শিক্ষাপ্রতিষ্ঠানটি পুরোপুরিভাবে ধ্বংস হয়ে যায়। আর ধ্বংস করে দেওয়া এই শিক্ষাপ্রতিষ্ঠানটিই ছিলো উক্ত শহর ও আশপাশের এলাকাগুলোর একমাত্র উচ্চ-শিক্ষাপ্রতিষ্ঠান। যাতে হাজারেরও বেশি শিক্ষার্থী বিভিন্ন বিষয়ের উপর পড়াশোনা করতো। এখন বর্বরোচিত এই হামলার ফলে শহরটির হাজারো শিক্ষার্থী শিক্ষার মতো একটি গুরুত্বপূর্ণ নাগরিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন।

সূত্রটি জানায়, গত সপ্তাহে রাজধানী মোগাদিশু থেকে প্রায় ১৫০ কিলোমিটার উত্তরে এই বিমান হামলাটি চালানো হয়েছে। যা সেক্যুলার তুরস্কের সামরিক ঘাঁটি থেকে উড়ে আসা "Bayraktar TB2" ড্রোন থেকে চালানো হয়েছে।

আশ-শাবাবের ইসলামি প্রশাসনের প্রতিরোধ যোদ্ধারা দীর্ঘদিন ধরে শহরটি নিয়ন্ত্রণ ধরে রেখে এর সংস্কার করে আসছেন। আর এই সংস্কার কর্মকাণ্ডের অধীনেই শহরটিতে গড়ে উঠেছিলো বিশাল এই শিক্ষাপ্রতিষ্ঠান। কিন্তু তাও গুড়িয়ে দিয়েছে মুসলিম নামধারী তুর্কিয়ের গাদ্দার সামরিক বাহিনী।

আশ-শাবাব প্রশাসনের সাথে সম্পৃক্ত মিডিয়ায় প্রচারিত চিত্রগুলি তুরস্কের বিমান হামলার পরে স্কুল ভবনে ধ্বংসের বেশ কিছু চিত্র দেখায়।

পূর্ব তুর্কীস্তান: কংগ্রেসের নিরাপত্তার অজুহাতে উইঘুরদের ব্যাপক ধরপাকড়

সদ্য শেষ হওয়া চীনের কমিউনিস্ট পার্টির কংগ্রেসের 'নিরাপত্তার' অজুহাতে উইঘুর মুসলিমদের ব্যাপকভাবে ধরপাকড় করেছে দখলদার চীনা প্রশাসন। বিভিন্ন আঞ্চলিক কর্তৃপক্ষের বরাতে জানা যায়, দখলদাররা "দৃঢ়ভাবে আঘাত করো" (ইংরেজিতে- 'স্ট্রাইক হার্ড') প্রচারাভিযানের নামে শত শত উইঘুর মুসলিমকে বন্দী করেছে।

মূলত পার্টি কংগ্রেস চলাকালীন সময়ে উইঘুররা যেন কোন প্রকার 'সমস্যা সৃষ্টি করতে না পারে' সেজন্যই এই ধরপাকড় অভিযান শুরু করেছে তারা। তবে এই গ্রেপ্তারের ঢেউ শুরু হয় পার্টি কংগ্রেস অনুষ্ঠিত হওয়ার কয়েক মাস আগে জুলাই মাস থেকেই।

উল্লেখ্য যে, এবারেও চীনের কমিউনিস্ট পার্টি কংগ্রেসের সাধারণ সম্পাদক হিসেবে তৃতীয়বারের মতো নির্বাচিত হয়েছে উইঘুর মুসলিমদের উপর দমন-নিপীড়ন চালানোর প্রধান কারিগর শি জিনপিং।

অক্টোবরের প্রথম দিকে দেয়া হয় ভ্রমণ নিষেধাজ্ঞা। এরপর আগস্ট থেকে সেপ্টেম্বর পর্যন্ত চলে 'কঠোর আবাসিক লকডাউন'। এর মাধ্যমে মূলত উইঘুর এবং অন্যান্য তুর্কি সংখ্যালঘুদেরকে নিজেদেরই ঘরে বন্দী করে রাখে দখলদার চীন। এতে অপুষ্টি ও চিকিৎসার অভাবে মারা যায় শত শত মুসলিম।

নাম প্রকাশে অনিচ্ছুক এক উইঘুর মুসলিম জানান, যাদের বয়স ১৮ হয়েছে, যারা সাম্প্রতিক সময়ে দখলদারদের বন্দী শিবির থেকে মুক্তি পেয়েছে এবং যারা সাম্প্রতিক সময়ে দখলদারদের নজরদারি এড়িয়ে চলতে সক্ষম হয়েছিল, তাদেরকেই বেশি গ্রেপ্তার করেছে চীনা সন্ত্রাসীরা।

তিনি আরও বলেন, কংগ্রেস চলাকালীন সময়ে উইঘুর মুসলিমদের ভয় দেখাতে ও হয়রানি করতে প্রায়ই দখলদারদের পুলিশ বাহিনী শহর ও গ্রামাঞ্চলে সাইরেন বাজিয়ে টহল দিয়েছে।

হোতান শহরের 'SWAT লিডার' এলিজান ওবুলহেসেনের বাড়িতে ফোন দিয়েছিল রেডিও ফ্রি এশিয়া (আরএফএ)। ওবুলহেসেনকে না পেয়ে তার মায়ের সাথে কথোপকথন হয় তাদের। ওবুলহেসেনের মা আরএফএ-কে জানায় যে তার ছেলে উইঘুরদের ধরপাকড়ে খুব ব্যস্ত আছেন। তার ছেলে অফিসেই খাওয়া দাওয়া করে ও ঘুমায়।

কতজন উইঘুরকে আটক করা হয়েছে এ ব্যাপারে ওবুলহেসেন কিছু বলেছে কিনা জানতে চাইলে, ঐ মহিলা অনুমান করে বলেন, 'কমপক্ষে এক থেকে দুই হাজার উইঘুরকে আটক করা হয়েছে।'

এদিকে ঘুলজা শহরের এক কর্মকর্তা আরএফএ-কে বলেছে, সাম্প্রতিক ধরপাকড়ের সময় পুলিশ ১২৫ জন উইঘুরকে আটক করেছে।

অবস্থাদৃষ্টে এটা প্রতীয়মান হয় যে, মুসলিমদের দমন-পীড়ন ও গ্রেপ্তারের জন্য কোন যৌক্তিক কারণ দরকার হয় না। দখলদার চীনা প্রশাসন যেকোন অজুহাতেই তাদের বন্দী করতে পারে, জেল, জুলুম, নির্যাতন করতে পারে। সন্ত্রাসী চীনের হাত থেকে উইঘুর মুসলিমদের বাঁচানোর জন্য প্রয়োজন সকল মুসলিমের ঐক্যবদ্ধ প্রচেষ্টা।

প্রতিবেদক : আবু-উবায়দা

তথ্যসূত্র:

----

1. Authorities in Xinjiang increased detentions of Uyghurs before party congress
- https://tinyurl.com/4suu94x3

আবারও হালাল বিয়েতে দালাল প্রশাসনের বাঁধা

কুড়িগ্রামের ভূরুঙ্গামারী উপজেলায় ১৮ বছরের কম বয়সী মেয়েকে বিয়ে করায় বর এবং তার এক আত্মিয়কে ছয় মাসের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। গত ২৬ অক্টোবর রাতে উপজেলার পাইকেরছড়া ইউনিয়নে এ ঘটনা ঘটে।

বিবরণ অনুযায়ী, বিয়ের খবর শুনে উপজেলা নির্বাহী কর্মকর্তা উগ্র হিন্দু দীপক কুমার দেব শর্মা রাত ৯টায় পুলিশকে নিয়ে সেখানে অভিযান পরিচালনা করে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছার আগেই শরিয়াহ মোতাবেক বিয়ে সম্পন্ন হয়ে যায়। এরপরও মালাউন দীপক কুমার তাদের নানভাবে হয়রানি করে। বর ইসমাঈল হোসেন ও তার এক আত্মীয়কে ছয় মাসের কারাদণ্ড প্রদান করে।

দেশে প্রতিনিয়ত ধর্ষণের ঘটনা ঘটছে। স্কুল-কলেজসহ গোটা দেশেই বেহায়াপনা আজ সয়লাব। ধর্ষণ, গণ ধর্ষণ, স্বামীকে বেঁধে রেখে স্ত্রীকে ধর্ষণ, মায়ের সামনে মেয়েকে ধর্ষণ – এধরনের হিংস্র অপরাধ করেও অনেক ক্ষেত্রেই অপরাধীদের শাস্তি হচ্ছেনা।

হিন্দুত্ববাদের দালাল প্রশাসন এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেয় না। কিন্তু ইসলামি শরিয়াহ মোতাবেক পবিত্র বিয়েতে বারবারই নগ্ন হস্তক্ষেপ করছে তারা। সেক্যুলার ও ইসলাম বিদ্বেষী কর্মকান্ডের বিরুদ্ধে মুসলিমরা প্রতিবাদ করলেই দালাল প্রশাসন বাকস্বাধীনতার বুলি আওড়ায়। অথচ ইসলামের বিরুদ্ধে আরোপ করা হচ্ছে শত বিধিনিষেধ।

তথ্যসূত্র:

১। বাল্যবিয়ে করতে গিয়ে নানা-নাতির জেল- https://tinyurl.com/3nh7cn2b

---

২৮শে অক্টোবর, ২০২২

সন্ত্রাসী মিয়ানমার রোহিঙ্গা মুসলিমদের থাকতেও দেবে না, পালাতেও দেবে না

মিয়ানমারের বৌদ্ধ সন্ত্রাসীদের আগ্রাসনে আরাকানের রোহিঙ্গা মুসলিমরা যুগ যুগ ধরেই মানবেতর জীবন-যাপন করছেন। একেতো রাষ্ট্রীয় অধিকার ও নাগরিক সুবিধা থেকে বঞ্চিত, অন্যদিকে হত্যা, ধর্ষণ ও জাতিগত শুদ্ধি অভিযানের চাপে কোন রকম চতুষ্পদ জন্তুর মতো বেঁচে আছেন রোহিঙ্গা মুসলিমরা।

মিয়ানমারের সন্ত্রাসী বাহিনীর আগ্রাসনে অসংখ্য রোহিঙ্গা মুসলিম নিজেদের বাঁচাতে ও উন্নত জীবনের আশায় মালয়েশিয়া, বাংলাদেশ, ভারত এসব প্রতিবেশী দেশে যাবার চেষ্টা করেন। অবৈধভাবে প্রতিবেশী দেশে যাওয়ার জন্য তারা সাধারণত মানব পাচারকারীদের সহায়তা নিয়ে থাকেন।

তবে অনেকেরই শেষ রক্ষা হয় না। অবৈধ ভাবে দেশ থেকে পালানোর সময় মিয়ানমার পুলিশের কাছে গ্রফতার হয়েছেন হাজার হাজার রোহিঙ্গা মুসলিম। তাদের ভোগান্তি আর শেষ হয় না। গ্রেপ্তার হলে পুলিশি নির্যাতন, কারাগারে নির্যাতন তো রয়েছেই। এই বর্বরতা থেকে বাদ পড়েনা দুর্বল নারী ও শিশুরাও।

অবৈধ ভাবে দেশ থেকে পালাতে গিয়ে চলতি মাসে ইয়াংগুন থেকে গ্রেপ্তার হয়েছেন ২৭১ জন রোহিঙ্গা মুসলিম। গ্রেপ্তারকৃতদের মধ্যে নারী ও শিশুও রয়েছে। তাদের সবাইকে কারাগারে প্রেরণ করেছে জান্তা বাহিনী।

ধারণা করা হচ্ছে তাদের সবাইকেই নূন্যতম ২ বছরের সশ্রম কারাদণ্ড দেয়া হতে পারে। এর আগে যাদের গ্রেফতার করা হয়েছে তাদেরকে ২ থেকে ৫ বছর পর্যন্ত জেল দিয়েছে মিয়ানমার সরকার। রোহিঙ্গা মুসলিমদের ক্ষেত্রে সন্ত্রাসী মিয়ানমার কোন আন্তর্জাতিক আইন ও নিয়ম নীতির তোয়াক্কা না করেই বিভিন্ন মেয়াদে সাজা প্রদান করে থাকে। এটা সুস্পষ্ট মানবাধিকার লঙ্ঘন।

আশংকার বিষয় হচ্ছে, চলতি বছর এখন পর্যন্ত ১৩০০ এর বেশি রোহিঙ্গা মুসলিম মিয়ানমার থেকে পালাতে গিয়ে গ্রেপ্তার হয়েছেন। প্রতিনিয়ত এই সংখ্যা বাড়ছে।

একদিকে গণহত্যা, আরেকদিকে জেল। রোহিঙ্গা মুসলিমদের কোন নিরাপদ জায়গা নেই। এতো বর্বরতার শিকার হওয়া সত্ত্বেও, রোহিঙ্গা মুসলিমদের পক্ষে কোন কার্যকর পদক্ষেপ নিচ্ছে না মানবাধিকারের ঠিকাদার জাতিসংঘ ও পশ্চিমা বিশ্ব। ইউক্রেন ইস্যুতে ঠিকই শক্তিশালী রাশিয়ার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিয়েছে পশ্চিমা বিশ্ব। কিন্তু রোহিঙ্গা ইস্যুতে তারা বিকলাঙ্গ হয়ে যায়।

সার্বিক পরিস্থিতি এটাই প্রমাণ করে যে, জাতিসংঘ ও পশ্চিমা বিশ্বের মানবাধিকারের স্লোগান লোক দেখানো ও প্রহসন মাত্র। তারা সুস্পষ্ট ভাবেই মুসলিমদের বিরুদ্ধে এবং কাফেরদের পক্ষে অবস্থান নিয়েছে। তাদের কার্যক্রমই তার প্রমাণ। তবুও আজকের মুসলিম সমাজ রোহিঙ্গাদের ন্যায় বিচারের জন্য ইসলামী সমাধান ছেড়ে পশ্চিমা বিশ্বের দিকেই চেয়ে আছে।

প্রতিবেদক : মুহাম্মাদ ইব্রাহীম

তথ্যসূত্র :

1. 117 Rohingya — 78 males & 39 females, including minors — were arrested from a house in Ayeyarwaddy Street, 10th Ward in Yangon Region's Dagon Myo Thit (East) Township on Oct 20th. 4 Burmese believed to be human traffickers were also arrested - https://tinyurl.com/3k62k866

2. 54 Rohingya Arrested - https://tinyurl.com/22perk6y

3. The Myanmar junta arrested 31 Rohingya who are escaping genocide on 17th sept & 42 Rohingya on 18th sept. Since the coup over 1300 Rohingya have been arrested by the junta - https://tinyurl.com/bdf4adjt

4. Rohingya Arrested - https://tinyurl.com/3mz4deuv

- https://tinyurl.com/5xjsv6a6

- https://tinyurl.com/yc7tzunj

- https://tinyurl.com/mrxet46v

- https://tinyurl.com/n2vpbsb4

5. 150,000 Rohingya people are confined to de-facto internment camps in Rakhine

- https://tinyurl.com/yn2t25zv

আমেরিকার আল-কায়েদা ভীতি: শাবাব-এবিউএপি সংযোগ বন্ধে অর্থনৈতিক অবরোধ আরোপ

সম্প্রতি পূর্ব আফ্রিকায় তৎপর আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব প্রশাসনের সাথে সংশ্লিষ্ট ১৪ জন ব্যক্তির উপর অর্থনৈতিক অবরোধ আরোপ করেছে সন্ত্রাসবাদী আমেরিকার ট্রেজারি ডিপার্টমেন্ট।

অক্টোবরের মধ্যভাগে সংস্থাটির প্রকাশিত এক রিপোর্টে হারাকাতুশ শাবাবের অর্থ বিভাগের সাথে সম্পৃক্ত ৯ জন কর্মকর্তার বিরুদ্ধে কথিত "অস্ত্র পাচার" এর অভিযোগ আনা হয়। এছাড়াও আশ-শাবাবের আরো ৫ জন উচ্চপদস্থ নেতৃবৃন্দের নাম সন্ত্রাসী আমেরিকার কথিত সরকারি 'ব্ল্যাকলিস্ট' এ তোলা হয়েছে।

আমেরিকার ট্রেজারি বিভাগ আশ-শাবাবের বিস্তৃত অর্থনৈতিক নেটওয়ার্কের ব্যাপারেও তথ্য প্রকাশ করেছে। জাতিসংঘের এক গবেষণা মতে, আশ-শাবাবের ইসলামি প্রশাসন বিভিন্ন মাধ্যম থেকে প্রতি বছর শত শত মিলিয়ন ডলারের সমপরিমাণ মুনাফা অর্জন করে থাকে। যার বড় একটি অংশ খরচ হয় কেন্দ্রীয় নেতৃত্বকে শক্তিশালী করতে। আর ২৫% খরচ হয় আশ-শাবাবের সামরিক খাতে। ফলে বর্তমানে আল-কায়েদা-এর শাখা সমূহের নিয়ন্ত্রিত ইসলামি ইমারাহগুলোর মধ্যে আশ-শাবাব প্রশাসনকেই সবচাইতে ধনী হিসাবে বিবেচনা করা হয়।

এবিষয়ে সোমালিয়ার একজন অর্থনীতিবিদ ২০১৯ সালের এক প্রতিবেদনে জানান যে, "২০১৯ অর্থবছরে সোমালি সরকার $৩০.৪১ বিলিয়ন আয় করেছে। সেখানে আশ-শাবাব সোমালিয়ার ফেডারেল সরকার (FGS) থেকে আরও বেশি রাজস্ব সংগ্রহ করছে। যার পরিমাণ সোমালি সরকার থেকে তিনগুণ বেশি।"

অর্থাৎ ২০১৯ অর্থবছরে আশ-শাবাব ৯১.২৩ বিলিয়ন রাজস্ব আদায় করেছে। ধারণা করা হচ্ছে, সাম্প্রতিক বছরগুলোতে এই রাজস্ব আয়ের পরিমাণ আরও কয়েক গুণ বেড়েছে।

আর আশ-শাবাবের অর্থনৈতিক এই সফলতাকে রুখতে লড়াইয়ে ময়দানের পাশাপাশি এবার অর্থনৈতিক ময়দানেও নামতে বাধ্য হয়েছে আমেরিকা। ফলে আশ-শাবাবের উপর অর্থনৈতিক অবরোধ আরোপ করতে শুরু করেছে আমেরিকা ও তাদের সমর্থিত গাদ্দার সরকার।

এর ধারাবাহিকতায় সন্ত্রাসী আমেরিকার ট্রেজারি বিভাগ আশ-শাবাবের অর্থনৈতিক বিভাগের কয়েকজন কর্মকর্তার উপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। তাদের মধ্যে রয়েছেন- খালিফ আদালে, হাসান আফজাউয়ে, আব্দুল কারিম হুসাইন গাগালে এবং আব্দুর রাহমান নুরি।

উনাদের মধ্যে খালিফ আদালে শরীয়াহ অনুমোদিত বিভিন্ন ব্যবসায়ি প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের কাজ করেন। এছাড়াও তিনি বিভিন্ন ব্যবসার উপর আরোপিত কর সংগ্রহ করেন, এনজিওদের কাছ থেকে অর্থ আদায় করেন এবং সোমালি গোত্রগুলোর মাঝে বিবাদ হলে তা মিমাংসা করেন। এছাড়াও তিনি দাওয়াহ এর মাধ্যমে সোমালিদের জিহাদে উদ্বুদ্ধ করেন।

হাসান আফজাউয়ে আশ-শাবাবের অর্থ বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সাদাকাহ গ্রহণ করেন এবং পশ্চিমা সমর্থিত যালিম সরকারের বিভিন্ন উচ্চপদস্থ কিংবা গুরুত্বপূর্ণ লোকদের আটক করার এবং বিদেশী অনুদান গ্রহণের দায়িত্বও পালন করেন। আশ-শাবাবের মধ্যে অত্যন্ত প্রভাবশালী এই নেতাকে ধরার জন্য ক্রুসেডার আমেরিকা ৫ মিলিয়ন ডলারের পুরষ্কার ঘোষণা করেছে।

আব্দুর রাহমান নুরি এবং আব্দুল কারিম হুসাইন গাগালে আশ-শাবাবের অর্থ বিভাগের ভারপ্রাপ্ত হিসেবে বিভিন্ন দায়িত্ব পালন করেন। উল্লিখিত প্রত্যেকেই আশ-শাবাবের অর্থ বিভাগের কাজের সাথে সম্পৃক্ত। তাঁরা আশ-শাবাব প্রশাসনের উচ্চপদস্থ নেতা মাহাদ কারাতে এর অধীনে তাঁদের কার্যক্রম পরিচালনা করেন। মাহাদ কারাতে সম্পর্কে তথ্য প্রদানকারীর জন্য আমেরিকা ৫ মিলিয়ন ডলারের পুরষ্কার ঘোষণা করেছে। তিনি শাবাবের গোয়েন্দা শাখা 'আমনিয়াত' ডিভিশনের অন্যতম প্রধান ব্যক্তি।

আর ব্ল্যাকলিস্টে যেসব ব্যক্তির নাম তোলা হয়েছে তাদের মধ্যে আছেন সোমালিয়ার হিরান প্রদেশের প্রাক্তন গভর্ণর মুহাম্মাদ মিরে। তিনি ২০২০ সাল পর্যন্ত শাবাবের যাকাত বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি আশ-শাবাবের কৌশলগত সিদ্ধান্ত নেবার ক্ষেত্রেও ভূমিকা পালন করেন। ব্ল্যাকলিস্টের অন্য ব্যক্তিরা হলেন ইয়াসির জিস, ইউসুফ আহমাদ হাজি নুরো, মুস্তফা আতো এবং মুহাম্মাদ আবদি আদেন নামের আরো চারজন নেতা।

ইয়াসির জিস শাবাবের সামরিক বিভাগের কামান্ডোর দায়িত্বে আছেন। হাজি নুরো আমনিয়াত বিভাগ দেখাশোনা করেন। মুস্তফা আতো আশ-শাবাব আমীরের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন এবং আমনিয়াত বিভাগেও উচ্চপদে আসীন। আর মুহাম্মাদ আবদি কেনিয়ায় আশ-শাবাবের গুরুত্বপূর্ণ একজন কর্মকর্তা।

আশ-শাবাবের অস্ত্রের যোগান

আমেরিকার ট্রেজারি ডিপার্টমেন্টের প্রতিবেদনে উঠে এসেছে আশ-শাবাব কিভাবে ইয়েমেন থেকে মিলিয়ন ডলারের অস্ত্র ক্রয় করে পশ্চিমাদের বিরুদ্ধে এতগুলো বছর যাবত যুদ্ধ চালিয়ে আসছে এবং আরো বেশি অঞ্চল নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে আসছে।

রিপোর্ট মোতাবেক, ইয়েমেনের তানযিমুল কায়েদা ফিল জাযিরাতুল আরব তথা আনসারুশ শারীয়াহ গ্রুপের সাথে আশ-শাবাবের অস্ত্রের আদান-প্রদান হয়ে থাকে। এক্ষেত্রে উভয় পক্ষের কয়েকজন ব্যক্তি এবং তৃতীয় পক্ষের মাধ্যমে অস্ত্রের ক্রয়-বিক্রয় হয়ে থাকে।

আশ-শাবাবের অস্ত্রের যোগানের জন্য দায়িত্ব পালন করেন আব্দুল্লাহি জিরি। তিনি সোমালিয়ার স্থানীয় বিভিন্ন সূত্র এবং ইয়েমেন – উভয় জায়গা থেকে অস্ত্র সংগ্রহ করেন।

ইয়েমেন ভিত্তিক একটি নেটওয়ার্ক এর মাধ্যমে তিনি সোমালিয়ায় অস্ত্র আনেন। এই নেটওয়ার্কে আছেন মুহাম্মাদ হুসাইন সালাদ, আহমাদ হাসান আলী সুলাইমান মাতান এবং মুহাম্মাদ আলী ব্রাদার্স নামের ব্যক্তিগণ। হুসাইন সালাদ এবং সুলাইমান মাতান ইয়েমেন থেকে জলযানের মাধ্যমে অস্ত্র ও গোলাবারুদ সোমালিয়ার পুন্তল্যান্ড অঞ্চলে নিয়ে আসেন। তাঁদের দুইজনের কেউই শাবাবের সাথে সম্পৃক্ত নন এবং নেটওয়ার্কের তিনজন ব্যক্তিকেই আমেরিকা ব্ল্যাকলিস্টে অন্তর্ভুক্ত করেছে। অপরদিকে মুহাম্মাদ আলী ব্রাদার্স আনসারুশ শারীয়াহ এর সদস্য। তিনি মূলত ইয়েমেন থেকে সোমালিয়ায় গুলি নিয়ে আসেন। আলী ব্রাদার্স ইয়েমেনের শাবওয়াহ অঞ্চলে আল-কায়েদার কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করছেন।

আর আশ-শাবাব ও আনসারুশ শরিয়াহ্'র মধ্যকার এই সম্পর্ক সমুদ্রের এপার ওপারে আল-কায়েদার অবস্থানকে শক্তিশালী করেই চলছে। যার ফলে অদূর ভবিষ্যতে আরব সাগর এবং সুয়েজ খালের প্রবেশ পথ এডেন উপসাগর কেন্দ্রিক বড়ধরণের অর্থনৈতিক ও সামরিক প্রভাব ফেলবে আল-কায়েদা। আর এমনটি হলে বিশ্ববাণিজ্যের বড় অংশের উপর প্রভাব ফেলবে আল-কায়েদা।

এদিকে আশ-শাবাব প্রশাসন আনসারুশ শরিয়াহ্'র মাধ্যমে ইয়েমেন থেকে শুধু অস্ত্রই আনছে না বরং অর্থনৈতিকভাবেও আনসারুশ শরিয়াহ্'কে সমর্থন দিয়ে যাচ্ছে। যার ফলশ্রুতিতে- যুদ্ধবিধ্বস্ত ইয়েমেনের ভঙ্গুর অর্থনীতি আর চতুর্মুখি হামলার মাঝেও হাদরামাউত, আবইয়ান ও শাবওয়াহ্ রাজ্যের বিস্তীর্ণ অঞ্চলের নিয়ন্ত্রণ ধরে রেখে এখনো শক্তিমত্তার সাথে টিকে আছে আনসারুশ শরিয়াহ্। সেই সাথে সাম্প্রতিক মাসগুলোতে নতুন অপারেশনের ঘোষণার মধ্য দিয়ে ইয়েমেনে নিজেদের শক্তিশালী অবস্থানের বিষয়টিও জানান দিচ্ছে দলটি।

এছাড়াও, সন্ত্রাসী আমেরিকার তৈরি করা আশ-শাবাবের নেতৃবৃন্দের তালিকা জানান দেয়, আশ-শাবাবের তৎপরতা শুধু পূর্ব আফ্রিকাতেই সীমাবদ্ধ নয়, বরং ছড়িয়ে আছে গোটা মধ্যপ্রাচ্যে। আমেরিকা তাই বলতে বাধ্য হয়েছে, হারাকাতুশ-শাবাব আল-কায়েদার সবথেকে বড় এবং সক্রিয় শাখা। একই সাথে শাবাবের ক্রমবর্ধমান প্রতিপত্তি আমেরিকা সরকারের জন্য অন্যতম এক হুমকি।

শাবাব ইতিমধ্যে সোমালিয়ার দক্ষিণাঞ্চলের প্রায় সবটুকুর দখল নিয়েছে। এবং রাজধানী মোগাদিশু ও পার্শ্ববর্তী দুই দেশ ইথিওপিয়া ও কেনিয়াতে যেকোনো সময় আক্রমন চালানোর সক্ষমতা অর্জন করেছে। আলহামদুলিল্লাহ্। তাই, সন্ত্রাসী অ্যামেরিকা ও পতনোন্মুখ বিশ্বমোড়লদের কপালে চিন্তার ভাঁজ পরাটা স্বাভাবিক।

২৭শে অক্টোবর, ২০২২

বছরের শুরু থেকে দখলদার ইসরাইলের হাতে ১৮৩ মুসলিম খুন

নিরাপরাধ ফিলিস্তিনিদের উপর দখলদার ইসরাইলের আগ্রাসন ক্রমাগত বেড়েই চলেছে। চলতি ২০২২ সালেই এখন পর্যন্ত অভিশপ্ত ইসরাইলের সন্ত্রাসী বাহিনী ১৮৩ ফিলিস্তিনি মুসলিমকে খুন করেছে।

এ বিষয়ে রামাল্লায় ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয় গত ২৫ অক্টোবর একটি বিবৃতি প্রকাশ করেছে। বিবৃতির তথ্য মতে, পশ্চিম তীরে ১৩২ জন এবং গাজা উপত্যকায় ৫১ জন ফিলিস্তিনিকে খুন করেছে দখলদার ইসরাইল। নিহতদের মধ্যে ৩৫ জনই শিশু বলে জানিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়।

তবে স্থানীয়দের মতে, এমন অনেক হত্যাকাণ্ড ঘটে যেগুলোর হিসাব রাখা সম্ভব হয় না; সেগুলো মিলে নিহত মোট মুসলিমের সংখ্যাটা নিঃসন্দেহে আরো অনেক বেশি।

এছাড়াও, চলতি বছরের শুরু থেকে প্রায় ৫,৩০০ ফিলিস্তিনিকে বন্দী করেছে অভিশপ্ত ইহুদি বাহিনী। ফিলিস্তিনি প্রিজনার্স ক্লাবের বিবৃতি অনুযায়ী, বন্দিদের মধ্যে ৬২০ শিশু এবং ১১১ জন নারী রয়েছেন।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য মতে, শুধু চলতি অক্টোবর মাসেই অভিশপ্ত ইহুদি সন্ত্রাসীরা ২৬ জন ফিলিস্তিনি মুসলিমকে খুন করেছে। তাছাড়া সাম্প্রতিক সময়ে ইসরাইল অধিকৃত পশ্চিম তীরে এধরনের হামলা বাড়িয়েছে। এতে নিরপরাধ ফিলিস্তিনিদের মৃত্যুর মিছিলও লম্বা হচ্ছে।

সর্বশেষ গত ২৫ অক্টোবর পশ্চিম তীরে ইসরাইলি সন্ত্রাসীদের গুলিতে ৬ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন।

হিন্দুত্ববাদী ভারতঃ আসামে মুসলিমদের জাদুঘর সিলগালা

উদ্বোধনের দুই দিনের মাথায় আসামে মিয়া মুসলিমদের জাদুঘর সিল করে দিয়েছে হিন্দুত্ববাদী প্রশাসন। আসামের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্ব শর্মা বলেছে, পুলিশ এই জাদুঘরের তহবিলের উৎস তদন্ত করবে।

গত ২৩ অক্টোবর গোয়ালপাড়া জেলার লখিপুর এলাকায় আসামে মিয়া মুসলিমদের ঐতিহ্য সম্বলিত জাদুঘরটি উদ্বোধন করা হয়েছিল। সরকারি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, "ডিসি গোপালার নির্দেশ অনুসারে মোহর আলীর এই জাদুঘরটি পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সিল করে দেওয়া হয়েছে।"

উগ্র হেমন্ত শর্মা বলেছে, এমনিতেই মিয়া মুসলিমদের উত্থান এবং মিয়া স্কুলগুলো গুরুতর উদ্বেগের বিষয়। "মিয়া জাদুঘর" স্থাপনের সাথে জড়িতদেরকে জবাবদিহিতার আওতায় আনা হবে। এই জাদুঘরের সাথে সংশ্লিষ্টরা উপযুক্ত জবাব দিতে ব্যর্থ হলে তাদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে।

উগ্র শর্মা সাংবাদিকদের বলেছে, "তারা এই জাদুঘর স্থাপন করার জন্য কোথা থেকে অর্থ পেয়েছে, তা পুলিশ তদন্ত করবে। এই বিষয়ে একটি মামলা হবে।"

শর্মার পাশাপাশি হিন্দুত্ববাদী বিজেপি বিধায়করাও মিয়া মুসলিমদের কমিউনিটি মিউজিয়ামের বিরুদ্ধে প্রোপাগান্ডামূলক প্রচারণা শুরু করেছে।

এদিকে, আসাম মিয়া পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ তিনজনকে কথিত সন্ত্রাসী সংগঠনের সাথে জড়িত থাকার অভিযোগে আটক করা হয়েছে। আসাম পুলিশের বরাত দিয়ে পিটিআই এ তথ্য জানিয়েছে।

আল কায়েদা ভারতীয় উপমহাদেশ (একিউআইএস) এবং আনসারুল্লাহ বাংলা টিমের (এবিটি) সাথে তাদের কাল্পনিক যোগসূত্রের অভিযোগ তুলে তদন্ত করার নামে পুলিশ তাদের হয়রানি করছে।

গত মঙ্গলবার রাতে, মিয়া পরিষদের সভাপতি এম মোহর আলীকে জাদুঘর থেকে তুলে নেওয়া হয়। সাধারণ সম্পাদক আবদুল বাতেন শেখকে ধুবরি জেলার আলমগঞ্জে তার বাসা থেকে গ্রেপ্তার করা হয়। আটক তৃতীয় ব্যক্তি হলেন নাহারকাটিয়া জুনিয়র কলেজের অধ্যাপক তনু ধাধুমিয়া। তিনি জাদুঘরটি উদ্বোধন করেন।

বাঙালি বংশোদ্ভূত মুসলিম জনগোষ্ঠীর ঐতিহ্য প্রদর্শন করা জন্য এ জাদুঘরটি নির্মাণ করা হয়েছিল। হিন্দুত্ববাদী আসাম সরকার সেখানকার প্রায় দেড় কোটি মুসলিমের পরিচয় মুছে দিতে চায়। তাই তারা এ জাদুঘরের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের বিরুদ্ধে ক্র্যাকডাউন শুরু করেছে।

তথ্যসূত্র:

----

1. Miya museum sealed in Assam within days of inauguration, CM says police will probe funding (Maktoob Media) - https://tinyurl.com/yc5ckz43

2. Assam: Three activists associated with Miya museum detained in UAPA case - https://tinyurl.com/5xhchmet

---

মালিতে আল-কায়েদা অভিযান অব্যহত: ২ শত্রু সেনা নিহত

পশ্চিম আফ্রিকার দেশ মালিতে রাশিয়ান ভাড়াটিয়া সৈন্য ও মলিয়ান সৈন্যদের উপর ২টি সফল হামলা চালিয়েছেন আল-কায়েদা সংশ্লিষ্ট জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (জেএনআইএম)। এতে কমপক্ষে ২ মালিয়ান সৈন্য নিহত হয়েছে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, জেএনআইএম মুজাহিদগণ দেশটির সেগু রাজ্যের কাটিনা এলাকায় তাদের প্রথম হামলাটি চালান গত ২১ অক্টোবর শুক্রবার। গাদ্দার মালিয়ান সেনাদের একটি সামরিক চেকপয়েন্টে মুজাহিদগণ অতর্কিত হামলা চালালে ঘটনাস্থলেই ২ গাদ্দার সৈন্য নিহত হয়। আরও কিছু সৈন্য আহত হয়ে পালিয়ে যায়।

সফল এই অভিযানের সময় মুজাহিদগণ গাদ্দার বাহিনীর একটি গাড়ি পুড়িয়ে দেন। সেই সাথে ২টি ক্লাশিনকোভ সহ আরও বেশ কিছু অস্ত্র গনিমত লাভ করেন।

এরপর ২৩ অক্টোবর রবিবার। একই রাজ্যের এনডিলার এলাকায় গাদ্দার মালিয়ান সামরিক বাহিনী ও দখলদার রাশিয়ার ভাড়াটিয়া ওয়াগনার বাহিনীর একটি যৌথ কাফেলার উপর হামলা করেন মুজাহিদগণ।

হামলার শুরুতেই মুজাহিদগণ কয়েকটি বোমা বিস্ফোরণ ঘটিয়ে সামরিক বাহিনীকে ছত্রভঙ্গ করে দেন। এরপর শত্রু বাহিনীকে লক্ষ্য করে গুলি বর্ষণ করেন তাঁরা।

এতে বেশ কিছু সৈন্য আহত হয় এবং কয়েকটি মোটরসাইকেল রেখেই শত্রুরা পালিয়ে যায়। পরে শত্রুদের ফেলা যাওয়া ৬টি মোটরসাইকেল পুড়িয়ে দেন মুজাহিদগণ।

আল-ফিরদাউস নিউজ বুলেটিন || অক্টোবর ৩য় সপ্তাহ, ২০২২ঈসায়ী

https://alfirdaws.org/2022/10/27/60222/

২৬শে অক্টোবর, ২০২২

আদিবাসী ঘোষণা করার পরেও আসামের মুসলিমদের নাগরিকত্ব প্রমাণের নির্দেশ

৬০ বছর বয়সী সাদের আলির ১২ সদস্যের যৌথ পরিবার নিয়ে জন্ম থেকেই আসামের ধুবরি জেলার রামরাইকুটি গ্রামে বাস করেন। এ গ্রামটি ভারত ও বাংলাদেশের আন্তর্জাতিক সীমান্ত এবং আসাম-পশ্চিমবঙ্গ আন্তঃরাজ্য সীমান্ত থেকে মাত্র ১০০ মিটার দূরে অবস্থিত।

সাদের আলী এবং তার বড় ভাই, ৬৬ বছর বয়সী মুজাম শেখ, কৃষি কাজ করেন। যখন বীজ বপন বা ফসল কাটার মৌসুম থাকে না, তখন তারা দিন মুজুরি করেন। তারা "দেশী" মুসলিম সম্প্রদায়ের অন্তর্গত। তাদের পূর্বপুরুষরা যুগ যুগ ধরে এখানে বসবাস করায় আসামের "আদিবাসী" হিসাবে তাদেরকে স্বীকৃতি দিয়েছিল সরকার।

